Bangladesh 50

"সমুদ্রে অনুসন্ধান, দেশের কল্যাণ"

BORI

মুজিব MUJIB শতবর্ষ 100

www.prebd.com

"শেখ হাসিনার দর্শন, সব মানুষের উন্নয়ন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
**বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট**
কক্সবাজার - ৪৭৩০।
www.bori.gov.bd, Phone: 02334462600

নং- ৩৯.০৮.০০০০.০০৯.১১.০০২.২২/৬২৬ তারিখঃ ০৮/০৯/২০২২খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট, রামু, কক্সবাজার-এর রাজস্ব খাতের অধীনে নিম্নবর্ণিত অস্থায়ী পদসমূহে নিয়োগের লক্ষ্যে নিম্নলিখিত শর্তাদি পূরণ সাপেক্ষে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম, বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | প্রার্থীর বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর<br>গ্রেডঃ ১৬<br>বেতনস্কেলঃ ৯৩০০-২২৪৯০/- | অনূর্ধ্ব ৩০ বৎসর। | ১(এক) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে; |
| ২. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেডঃ ১৬<br>বেতনস্কেলঃ ৯৩০০-২২৪৯০/- | অনূর্ধ্ব ৩০ বৎসর। | ১(এক) টি | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ ৬ (ছয়) মাস মেয়াদি কম্পিউটার কোর্সে প্রশিক্ষণ সনদপ্রাপ্ত। কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এর সর্বনিম্ন গতি নিম্নরূপ থাকতে হবে:<br>(ক) বাংলাঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ।<br>(খ) ইংরেজীঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ। |
| ৩. | মেশিন অপারেটর<br>গ্রেডঃ ১৬<br>বেতনস্কেলঃ ৯৩০০-২২৪৯০/- | অনূর্ধ্ব ৩০ বৎসর। | ২(দুই) টি | কোন স্বীকৃত বোর্ড হতে বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এই চএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ট্রেড কোর্স সার্টিফিকেট। |

**শর্তাবলিঃ**

১. প্রার্থীকে আবেদনপত্রের সঙ্গে "মহাপরিচালক, বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট, রামু, কক্সবাজার"-এর অনুকূলে ১০০/- (একশত) টাকার অফেরতযোগ্য যে কোন তফসিলি ব্যাংকের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর নম্বর ও তারিখ এবং ইস্যুকৃত ব্যাংক ও শাখার নাম আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে।

২. মহাপরিচালক, বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট, কক্ষ নং-৩১২, প্রকৌশল ভবন, বিসিএসআইআর ক্যাম্পাস, ডঃ কুদরাত-ই-খুদা সড়ক, ধানমন্ডি, ঢাকা-১২০৫ বরাবর আগামী ১০ অক্টোবর, ২০২২ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে সরাসরি/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র পৌছাতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৩. প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাইয়ের পর শুধুমাত্র গ্রহনযোগ্য প্রার্থীদের প্রাথমিক নির্বাচনের লক্ষ্যে লিখিত পরীক্ষা গ্রহন করা হবে। পরবর্তীতে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের যোগ্যতা যাচাইয়ের জন্য সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষা গ্রহন করা হবে।

৪. আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্য তোলা ০৪ (চার) কপি ৫×৫ সে.মি. সাইজের সত্যায়িত রঙিন ছবি জমা দিতে হবে।

৫. আবেদন ফরমে প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যসমূহ প্রমাণের জন্য সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ, অভিজ্ঞতা সনদ (যদি থাকে), জাতীয় পরিচয়পত্র অথবা জন্মনিবন্ধন সনদ, এবং অন্যান্য রেকর্ডপত্রের এক সেট সত্যায়িত কপি জমা দিতে হবে। সকল সার্টিফিকেট/রেকর্ডপত্রের ফটোকপি সরকারি প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে এবং সত্যায়নকারী কর্মকর্তার সীলে অবশ্যই নাম ও পদবি উল্লেখ থাকতে হবে।

৬. সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষা গ্রহণের সময় আবেদনের সাথে দাখিলকৃত সকল সনদ ও রেকর্ডপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

৭. খামের উপর প্রার্থীর নিজের নাম, ঠিকানাসহ আবেদনকৃত পদের নাম এবং নিজ জেলার নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে। প্রার্থীর যোগাযোগের ঠিকানা সম্বলিত ৯.৫"×৪.৫" সাইজের ১টি ফেরত খাম ১০ টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকিটসহ আবেদনপত্রের সাথে আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে।

৮. সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে আবেদনপত্র পৌছাতে হবে। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

৯. নিয়োগ সংক্রান্ত সরকারি নিয়মাবলী এবং সরকারের সর্বশেষ জারীকৃত পরিপত্র/নীতিমালা অনুযায়ী কোটা সংক্রান্ত নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে।

১০. প্রার্থীদের বয়স ১০/১০/২০২২খ্রি. তারিখে নিয়োগ বিজ্ঞপ্তির নির্ধারিত কলামে উল্লেখিত বয়সসীমার মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান ও প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সর্বোচ্চ বয়সসীমা ৩২ (বত্রিশ) বৎসর। প্রার্থীর বয়স প্রমাণের ক্ষেত্রে স্বীকৃত শিক্ষাবোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটের লিপিবদ্ধ জন্ম তারিখ প্রকৃত জন্ম তারিখ হিসেবে গণ্য হবে। বয়স সংক্রান্ত কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

১১. সরকারী বিধি-বিধান অনুযায়ী কোটা পদ্ধতি অনুসরণ করা হবে। আবেদনপত্রের সাথে কোটা সংক্রান্ত যথাযথ প্রমানক দাখিল করতে হবে।

১২. ত্রুটিপূর্ণ/ অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৩. কর্তৃপক্ষ যে কোন আবেদন গ্রহণ অথবা বাতিল এবং এ নিয়োগ কার্যক্রম/বিজ্ঞপ্তি সম্পূর্ণ অথবা আংশিক সংশোধন, গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন এবং এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪. নির্বাচনী পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের বর্তমান ঠিকানায় ডাকযোগে যথাসময়ে প্রবেশপত্র প্রেরণ করা হবে। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না। লিখিত ও মৌখিক পরীক্ষার সময়সূচী নোটিশ বোর্ডে এবং ইনস্টিটিউটের ওয়েবসাইটে (www.bori.gov.bd) প্রকাশ করা হবে।

১৫. নিয়োগকৃতদের বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট, রামু, কক্সবাজার-এ নিয়োগ করা হবে।

১৬. কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১৭. আগ্রহী প্রার্থীকে সরকার নির্ধারিত চাকুরীর আবেদন ফরম স্বহস্তে পূরণ পূর্বক আবেদন দাখিল করতে হবে। আবেদনের ফরমের নমুনা নোটিশ বোর্ড এবং ইনস্টিটিউটের ওয়েবসাইটে (www.bori.gov.bd) পাওয়া যাবে অথবা অফিস হেকে সরাসরি সংগ্রহ করা যাবে।

মহাপরিচালক
বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট

GA-3410/22 (10x4)